গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
বহিরাগমন-২

নং-৪৪.০০.০০০০.০৩৯.১৬.০০৭.১২-৮৫০ তারিখ ঃ ২৭ আগস্ট, ২০১২

**পরিপত্র**

**বিষয় : পাসপোর্টে "No Visa Required for Travel to Bangladesh (NVR)" সীল প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১) স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮০, তারিখঃ ১৯ অক্টোবর ২০০৬।
২) স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/৫১৪, তারিখঃ ০৪ এপ্রিল ২০০৭।
৩) স্বঃমঃ(বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৫, তারিখঃ ১৯ আগস্ট ২০১০।
৪) ৪৪.০০.০০০০.০৩৯.১৬.০০৬.১২-২৫২, তারিখঃ ১৪ মার্চ ২০১২

উপর্যুক্ত সূত্রসমূহে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হইল :

২। এই পরিপত্রে নিম্নবর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশন বাংলাদেশি বংশোদ্ভূত বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তি, আদিসূত্রে বাংলাদেশি ও তাঁদের স্বামী/স্ত্রী/সন্তান এবং বাংলাদেশি নাগরিকদের বিদেশি স্বামী/স্ত্রী ও তাঁদের সন্তানদের বাংলাদেশে আগমন ও অবস্থান সহজতর করার জন্য তাঁদের বিদেশি পাসপোর্টে "No Visa Required for Travel to Bangladesh, (অতঃপর NVR বলিয়া অভিহিত)" সীল প্রদান করিতে পারিবে:

৩। **শর্তাদি।**

(১) সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, বিশ্বের যে কোন দেশের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশি বংশোদ্ভূত ব্যক্তি ও তাঁর স্বামী/স্ত্রী/ সন্তানদের ক্ষেত্রে:
- (ক) দ্বৈত নাগরিকত্ব সনদপত্র অথবা বাংলাদেশি পাসপোর্ট অথবা বিদেশি নাগরিকত্ব গ্রহণের পূর্বে ইস্যুকৃত বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত জন্ম সনদ/ নাগরিকত্বের প্রত্যয়নপত্র;
- (খ) বিদেশি পাসপোর্ট/নাগরিকত্ব সনদ; এবং
- (গ) পুলিশের অনুকূলে প্রতিবেদন।

(২) সার্কভুক্ত দেশসমূহ ব্যতীত, আদিসূত্রে বাংলাদেশি এবং বর্তমানে বিদেশি নাগরিকত্ব গ্রহণকারী ব্যক্তির বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে :
- (ক) পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বৈধ বাংলাদেশি পাসপোর্ট/দ্বৈত নাগরিকত্বের সনদ অথবা বিদেশি নাগরিকত্ব গ্রহণের পূর্বে ইস্যুকৃত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর জন্ম সনদ/নাগরিকত্বের প্রত্যয়নপত্র;
- (খ) বিদেশি পাসপোর্ট/নাগরিকত্ব সনদ;
- (গ) পিতা/মাতা/স্বামী/স্ত্রী কর্তৃক আবেদনকারীর অনুকূলে স্বামী/স্ত্রী ও সন্তান মর্মে প্রদত্ত হলফনামা; এবং
- (ঘ) পুলিশের বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

(৩) বাংলাদেশি নাগরিকের বিদেশি স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে :
- (ক) পিতা/মাতা/স্বামী/স্ত্রীর বৈধ বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/স্বামী/স্ত্রীর জন্ম সনদ/নাগরিকত্বের সনদপত্র;
- (খ) বিদেশি পাসপোর্ট/নাগরিকত্ব সনদ;
- (গ) বিবাহের সনদপত্র;
- (ঘ) পিতা/মাতা/স্বামী/স্ত্রী কর্তৃক বিদেশি স্বামী/স্ত্রী/সন্তানদের অনুকূলে প্রদত্ত সম্পর্ক নির্ণায়ক হলফনামা; এবং
- (ঙ) পুলিশের বিশেষ শাখার অনুকূল প্রতিবেদন।

(৪) ইউরোপ, যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, কানাডা ও নিউজিল্যান্ডের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশিদের বিদেশি পাসপোর্টে "No Visa Required for Travel to Bangladesh (NVR)" গ্রহণের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হইবে না। তবে আবেদনকারীর বাংলাদেশি নাগরিকত্ব প্রমাণের জন্য সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ/স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করিতে হইবে।

৪। অনুচ্ছেদ ৩(৪) এ বর্ণিত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের সংশ্লিষ্ট দূতাবাস থেকে তদন্তের জন্য প্রাপ্ত আবেদনপত্রটির উপর সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুলিশের বিশেষ শাখা তদন্ত কাজ সম্পন্নপূর্বক প্রতিবেদন দাখিল করিবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন না পাওয়া গেলে সংশ্লিষ্ট সংস্থার কোন আপত্তি নেই মর্মে গণ্য করা হইবে।

৫। পাসপোর্টের মেয়াদ যতদিন থাকিবে "No Visa Required for Travel to Bangladesh" সুবিধা ততদিন বহাল থাকিবে এবং পাসপোর্ট বাতিল হইলে উক্ত সুবিধাও বাতিল বলিয়া গণ্য হইবে। বিদ্যমান "No Visa Required for Travel to Bangladesh" সীল বর্তমান কিংবা নতুন পাসপোর্টে প্রদানের ক্ষেত্রে মাথাপিছু ৫০ (পঞ্চাশ) মার্কিন ডলার অথবা সমপরিমাণ অর্থ ফি বাবদ প্রদান করিতে হইবে।

৬। বাংলাদেশে কোন ভারী শিল্পে অথবা দীর্ঘ মেয়াদে কোন শিল্পে/ব্যবসায় কমপক্ষে ০৫ (পাঁচ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকারী বিদেশি "No Visa Required for Travel to Bangladesh" সুবিধা পাইবেন।

৭। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে "No Visa Required for Travel to Bangladesh" সংক্রান্ত জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

স্বাক্ষরিত/
২৭.০৮.২০১২
**(ড. শাহিদা আকতার)**
উপ-সচিব
ফোন ঃ ৭১৬৮৬৯২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব/সচিব----------------------------------------------------------(সংশ্লিষ্ট সকল)

০৩। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

০৪। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি সংশ্লিষ্ট সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণক্রমে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হইল)।

০৫। বাংলাদেশ দূতাবাস/মিশন ------------------------------------------ (সকল)

০৬। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা।

০৭। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা।

০৮। মহাপরিচালক, এন.জি.ও বিষয়ক ব্যুরো, ঢাকা।

০৯। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, মতিঝিল, বা/এ, ঢাকা।

১০। নির্বাহী চেয়ারম্যান. বেপজা, ধানমন্ডি, ঢাকা।

১১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।

১৩। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা।

১৪। প্রেসিডেন্ট, এফআইসিসিআই, গুলশান-২, ঢাকা।